

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোয়ালন্দ, রাজবাড়ী।

স্মারক নং- ০৫.৩০.৮২২৯.০০৪.০৭.০১১.২২- ১৯৫ (১০০)

তারিখঃ ১০/০২/২০২১

“গোয়ালন্দ উপজেলার হাট-বাজারসমূহ বাংলা ১৪২৯ সনের জন্য ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”

রাজবাড়ী জেলাধীন গোয়ালন্দ উপজেলার হাট-বাজারসমূহ বাংলা ১৪২৯ সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ‘ক’ তফসিলে বর্ণিত হাট-বাজার একসনা মেয়াদে বাংলা ১৪২৯ সনের (১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), গোয়ালন্দ, রাজবাড়ী এর কার্যালয় এবং জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা হতে ‘খ’ তফসিলে বর্ণিত সময়সূচি মোতাবেক দরপত্র ফরম/সিডিউল অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) বিক্রয় করা হবে। দরপত্র ফরমসমূহ ‘খ’ তফসিলে বর্ণিত সময়সূচি মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ীতে রক্ষিত দরপত্র বাঞ্চে গ্রহণ করা হবে। দাখিলকৃত দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কোন হাট-বাজারের জন্য টেন্ডারে প্রাপ্ত সর্বোচ্চ দর যদি সংশ্লিষ্ট হাটের কাঙ্ক্ষিত সরকারী মূল্য হতে কম হয় তবে উক্ত হাটের ইজারা কার্যক্রম ‘খ’ তফসিলে বর্ণিত সময়সূচী মোতাবেক পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে।

‘ক’ তফসিল (হাট বাজারের নাম, অবস্থান, সরকারী কাঙ্ক্ষিত মূল্য ও সিডিউল মূল্য)

ক্রমিক নং	হাট-বাজারের নাম	হাট-বাজারের অবস্থান	বাংলা ১৪২৯ সালের কাঙ্ক্ষিত সরকারী মূল্য	সিডিউল মূল্য
১	দৌলতদিয়া হাট/বাজার	দৌলতদিয়া ইউনিয়ন	২,৯৭,৭১৯/-	১,২০০/-
২	চরদৌলতদিয়া হামিদ মৃধার হাট/বাজার	দৌলতদিয়া ইউনিয়ন	৪৪,৮৭৩/-	৫০০/-
৩	জামতলা হাট/বাজার	উজানচর ইউনিয়ন	৩৩,৭০৮/-	৫০০/-
৪	কাটাখালী হাট/বাজার	ছোটভাকলা ইউনিয়ন	৪০,৭০৭/-	৫০০/-


‘খ’ তফসিল (দরপত্র বিক্রয়, দাখিল ও প্রাপ্তিস্থান সম্পর্কিত ক্যালেন্ডার)

দরপত্র আহবানের পর্যায়/দফা	দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	দরপত্র প্রাপ্তির স্থান	দরপত্র দাখিলের স্থান
১ম পর্ব	০১/৩/২০২২	০২/০৩/২০২২ তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত	০২/০৩/২০২২ তারিখ বিকাল ৪.০০ টা	১. জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা ২. উপজেলা নির্বাহী অফিসার গোয়ালন্দ, রাজবাড়ী এর কার্যালয় ৩. সহকারী কমিশনার (ভূমি) গোয়ালন্দ, রাজবাড়ী এর কার্যালয়	উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ রাজবাড়ী এর কার্যালয় ও জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা
২য় পর্ব	০৮/০৩/২০২২	০৯/০৩/২০২২ তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত	০৯/০৩/২০২২ তারিখ বিকাল ৪.০০ টা		
৩য় পর্ব	১৫/০৩/২০২২	১৬/০৩/২০২২ তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত	১৬/০৩/২০২২ তারিখ বিকাল ৪.০০ টা		

১৪২৯ সনের হাট বাজার ইজারার শর্তাবলী :-

- বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র ১ (এক) বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
- দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকরীর বরাবর প্রত্যাপন করা হবে।
- যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পূরণায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
- ৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ৬। খামের উপর দরপত্র দাতার নাম ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


 (আজিজুল হক)
 উপজেলা নির্বাহী অফিসার
 গোয়ালন্দ, রাজবাড়ী


ই-মেইল : unogoalanda@mopa.gov.bd

তারিখঃ ১০/০২/২০২২

স্মারক নং-০৫.৩০.৮২২৯.০০৪.০২.০০৭.২১- (১০০)/১(৪০)

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। পুলিশ সুপার, রাজবাড়ী।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), রাজবাড়ী।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/কালুখালী।
(অবগতি ও বহল প্রচারের জন্য)
- ৬। মেয়র, গোয়ালন্দ পৌরসভা, রাজবাড়ী।
- ৭। সহকারী কমিশনার (ভূমি), গোয়ালন্দ, রাজবাড়ী।
- ৮। অফিসার ইনচার্জ, গোয়ালন্দ ঘাট থানা।
- ৯। জেলা তথ্য অফিসার, রাজবাড়ী।
- ১০। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
- ১১। ও সদস্য, হাটবাজার ইজারা বন্দোবস্ত কমিটি। (তাকে দরপত্র গ্রহণের দিন বেলা ৩.০০ টার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ১২। ব্যবস্থাপক,-----ব্যাংক, গোয়ালন্দ, রাজবাড়ী।
- ১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... ভূমি অফিস (মাইকিংসহ ঢোলসহরত মারফত প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৪। জনাব..... ১৪২৮ বাংলা সনের ইজারাদার।
- ১৫। সভাপতি/সম্পাদক, বাজার ব্যবসায়ী সমিতি/পরিষদ, গোয়ালন্দ/দৌলতদিয়া/জামতলা/কাটাখালী/চর দৌলতদিয়া হামিদ মৃধার হাট/বাজার।


 উপজেলা নির্বাহী অফিসার